

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯০৯

কুমারঘাট, ২২ নভেম্বর, ২০২৪

প্রধানমন্ত্রী আবাস যোজনা

আবাস সপ্তাহ উপলক্ষে কুমারঘাট রাজ্যে রক্তদান শিবির

প্রধানমন্ত্রী আবাস যোজনার অন্তর্গত ‘আবাস সপ্তাহ’ উপলক্ষে কুমারঘাট রাজ্যে আজ রক্তদান শিবির ও বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে কুমারঘাট পঞ্চায়েত সমিতি হলে এক অনুষ্ঠানের উদ্বোধন করেন উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস। উল্লেখ্য, গত ১৮ নভেম্বর থেকে শুরু হয়েছে ‘আবাস সপ্তাহ’। চলবে আগামী ২৪ নভেম্বর পর্যন্ত। এবছর আবাস সপ্তাহ উদযাপনের থিম ‘আমার আবাস শ্রেষ্ঠ আবাস’।

অনুষ্ঠানের উদ্বোধন করে উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস বলেন, প্রধানমন্ত্রী আবাস যোজনা দেশের মধ্যে একটি বৃহৎ যোজনা। ত্রিপুরা এই প্রকল্পে খুব ভালো কাজ করেছে। তিনি বলেন, গরীব অংশের মানুষ যাদের আবাস নেই তাদেরও একটা স্বপ্ন থাকে একটি আবাস করার। এই অংশের মানুষের কথা চিন্তা করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই প্রকল্পের সূচনা করেন। এই প্রকল্পে আবাস প্রাপকদের বিদ্যুৎ, শৌচালয়, উজ্জ্বলা যোজনায় গ্যাসের ব্যবস্থাও করা হচ্ছে। প্রধানমন্ত্রীর স্বপ্ন ২০৪৭ সালের মধ্যে দেশকে বিকশিত রাষ্ট্রে পরিণত করা। প্রধানমন্ত্রীর স্বপ্নকে বাস্তবায়িত করতে তিনি সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে উনকোটি জেলাশাসক কার্যালয়ের সিনিয়র ডিসিএম সোমা দেব বলেন, প্রধানমন্ত্রী আবাস যোজনায় (গ্রামীণ) কুমারঘাট রাজ্যে শুরু থেকে এখন পর্যন্ত যা ঘরের অনুমোদন দেওয়া হয়েছে তার মধ্যে ১৮.৪৮ শতাংশ কাজ হয়েছে। স্বাগত বক্তব্যে বিডিও ডা. সুদীপ ভৌমিক বলেন, ২০১৫ অর্থবর্ষ থেকে ২০২৪ সাল পর্যন্ত কুমারঘাট রাজ্যে ১৪,০৮৮টি ঘরের অনুমোদন এসেছে। এর মধ্যে মাত্র ২১১টি নির্মাণের কাজ এখনো শেষ হয়নি। মোট ব্যয় হয়েছে ২১৫ কোটি টাকা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমন দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সহ সভাধিপতি সন্তোষ ধর, কুমারঘাট বিএস’র চেয়ারম্যান তপনজয় রিয়াৎ, কুমারঘাট পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান শঙ্কর দেব প্রমুখ। অনুষ্ঠানে স্বেচ্ছা রক্তদান করেন ২৩ জন। এছাড়া বসে আঁকো প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়।
